

চার মাস পর
রোকেয়া
বিশ্ববিদ্যালয়ের
তালা ভাঙলেন
ম্যাজিস্ট্রেট

স্টাফ রিপোর্টার, রংপুর। দীর্ঘ প্রায় চার মাস বন্ধ থাকার পর নির্বাহী ম্যাজিস্ট্রেট এবং উর্ধ্বতন পুলিশ কর্মকর্তার নেতৃত্বে রবিবার রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও প্রশাসনিক ভবনের তালা খুলে দেয়া হয়েছে। আজ সোমবার থেকে একাডেমিক ও প্রশাসনিক কার্যক্রম যথারীতিভাবে পরিচালিত হবে বলে জানিয়েছেন উপাচার্য প্রফেসর ড. একেএম-নূর-উন-নবী। অন্যদিকে সমন্বিত অধিকার বাস্তবায়ন পরিষদের (১৯ পৃষ্ঠা ৪ কঃ দেখুন)

চার মাস পর

(২০-এর পৃষ্ঠার পর)

ব্যানারে আন্দোলনকারী শিক্ষক-কর্মকর্তারা জানিয়েছেন উপাচার্য অপসারণ না-হওয়া পর্যন্ত তারা তাদের ধারাবাহিক আন্দোলন চালিয়ে যাবেন। এদিকে তালা খোলার এই ঘটনাকে কেন্দ্র করে রবিবার সকাল থেকেই ক্যাম্পাসে চরম উত্তেজনা বিরাজ করে। পক্ষে বিপক্ষে চলতে থাকে বিক্ষোভ মিছিল সভা-সমাবেশ। তবে ম্যাজিস্ট্রেটের উপস্থিতিতে বিপুলসংখ্যক পুলিশ থাকার কারণে কোন ধরনের অপ্রীতিকর ঘটনা ঘটেনি। এর আগে রবিবার ভোর রাতে উপাচার্যের বাসভবন লক্ষ্য করে দুটি ককটেলের বিক্ষোভ ঘটায় কে বা কারা।